



জেলা পরিষদ ফেনী।

www.zpfeni.gov.bd

স্মারক নং- জেপফে/সা:/বৃত্তি/১৯/২০১৭/৫৬

তারিখ: ০৮/০২/২০১৭ খ্রি:

এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০১৬ সনে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং স্নাতক/সমমান পর্যায়ে অধ্যয়নরত ফেনী জেলার স্থায়ী বাসিন্দা গরীব মেধাবী ছাত্র-ছাত্রীকে ফেনী জেলা পরিষদ হতে এককালীন বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

শর্তাবলী

- ১। আবেদনকারী ছাত্র/ ছাত্রীদের অবশ্যই ফেনী জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
 - ২। আবেদনের সাথে সংশ্লিষ্ট মেয়র/কাউন্সেলর/ইউ.পি. চেয়ারম্যান কর্তৃক আর্থিক অস্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।
 - ৩। এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমানের পরীক্ষায় শুধুমাত্র ২০১৬ সালে উত্তীর্ণ সকল বিভাগের ছাত্র/ছাত্রীর জিপিএ ৫.০০ থাকতে হবে।
 - ৪। মুক্তিযোদ্ধা পোষ্যদের এবং প্রতিবন্ধী প্রার্থীদের সর্বক্ষেত্রে কমপক্ষে জিপিএ ৪.৫০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্যদের প্রমাণের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধাদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি এবং প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে উপজেলা / জেলা সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
 - ৫। বৃত্তির নির্ধারিত ফরম আগামী ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ফেনী জেলা পরিষদ হতে এবং ফেনী জেলা পরিষদের ওয়েব সাইট www.zpfeni.gov.bd হতে সংগ্রহ/ ডাউনলোড করা যাবে।
 - ৬। সর্বশেষ পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - ৭। ফেনী জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নাগরিকত্ব সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - ৮। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের / বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামতসহ আগামী ১৩/০৩/২০১৭ খ্রি: তারিখের মধ্যে ফেনী জেলা পরিষদে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত ব্যতীত যে কোন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
 - ০৯। ফেনী পৌরসভা ও উপজেলা কোটা অনুযায়ী মেধা ও পরিবারের অস্বচ্ছলতার ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে।
 - ১০। আবেদনকারী কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে বা অসম্পূর্ণ আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
 - ১১। কর্তৃপক্ষ উল্লেখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/ সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- উল্লেখিত বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী ফেনী জেলা পরিষদের অফিস হতে এবং জেলা পরিষদের ওয়েব সাইট- www.zpfeni.gov.bd থেকে জানা যাবে।

০৮/০২/১৭

(আবু দাউদ মো: গোলাম মোস্তফা)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, ফেনী।

ফোন: ০৩৩১-৬১৪০১

e-Mail: ceo@zpfeni.gov.bd

তারিখ: ০৮/০২/২০১৭ খ্রি:।

স্মারক নং- জেপফে/সা:/বৃত্তি/১৯/২০১৭-৫৬(২০০)